



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা



লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirllscollege@yahoo.com

স্মারক নং-

তারিখ: ২৬/০২/২০২৪

২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

তারিখ: ২৭/০২/২০২৪ খ্রি:

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের ডিগ্রি পাস ২য় বর্ষের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২১ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১৯-২০১২, ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী এবং ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি কিংবা অংশগ্রহণ করে ২য় বর্ষে অকৃতকার্য হয়েছে তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। ২০১৯-২০২০, ২০১৮-২০১৯ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০১৯ ও ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স দ্বিতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীদেরকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এফ গ্রেড প্রাপ্ত ও মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ফরম পূরণ করতে পারবে। উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের বিবরণ নিম্নরূপ-

(ক) ফরম পূরণের টাকা পরিশোধের তারিখ : ০৩/০৩/২০২৪ থেকে ২১/০৩/২০২৪ খ্রি: পর্যন্ত।

(খ) ফরম পূরণের তারিখ : ০৩/০৩/২০২৪ থেকে ২১/০৩/২০২৪ খ্রি: পর্যন্ত।

(গ) পূরণকৃত ফরমের সাথে যে সকল কাগজ জমা দিতে হবে :

(i) ডিগ্রি পাস কোর্সের রেজিস্ট্রেশন কার্ড-এর ফটোকপি।

(ii) ডিগ্রি পাস কোর্সের ১ম বর্ষের ফলাফলের কপি

(iii) অনিয়মিত ছাত্রীদের পূর্বের পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।

(iv) ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/formfillup)-এ প্রবেশ করে Apply to online form Fillup (For Student) লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে পূরণকৃত আবেদন ফরম অনলাইন থেকে প্রিন্ট করে প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শে ৬ নং কাউন্টারে জমা দিয়ে ফরম পূরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(ঘ) পরীক্ষার ফি :

ক্রমিক নম্বর	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	২য় বর্ষ (৭০০ নম্বর) তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)	৮০০/-	নিয়মিত/অনিয়মিত ও প্রাইভেট
২	সার্টিফিকেট কোর্স (প্রতি পরীক্ষার্থী)	৩০০/-	
৩	মানোন্নয়ন ফি (প্রতি পত্র)	১০০/-	
৪	বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন ও অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি-এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী	৩০০/-	অনিয়মিত/ মানোন্নয়ন
৫	Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি	১০০০/-	
৬	কেন্দ্র ফি	৪৫০/-	
৭	ব্যবস্থাপনা ফি	৫০/-	

☑ নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের সুযোগ নেই।

✓
অধ্যক্ষ
২৬/০২/২০২৪

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

২৭/২/২৪